ক্রসফায়ার নিয়ে আইজিপির বক্তব্য বিচারবহির্ভূত হত্যার বার্তা: টিআইবি



ছবি: সংগৃহীত

আইনশৃঙ্খলা রক্ষায় প্রয়োজনে ‘ক্রসফায়ার’ করার বিষয়ে পুলিশ মহাপরিদর্শকের (আইজিপি) বক্তব্যকে বিপজ্জনক বার্তা হিসেবে উল্লেখ করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। বক্তব্য প্রত্যাহার, নিঃশর্ত ক্ষমা ও প্রশাসনিক জবাবদিহি নিশ্চিত করার পাশাপাশি তা না হওয়া পর্যন্ত আইজিপিকে দায়িত্ব থেকে সরানোর আহ্বান জানিয়েছে সংস্থাটি।

টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান এক বিবৃতিতে বলেন, অপরাধ দমনে তদন্ত ও প্রমাণের ভিত্তিতে বিচার নিশ্চিত করার বদলে ক্রসফায়ারকে বিকল্প হিসেবে তুলে ধরা পুলিশের প্রাতিষ্ঠানিক দুর্বলতা ও ব্যর্থতা আড়ালের চেষ্টা। সরকারের অনুমতি থাকলেও বিচারবহির্ভূত হত্যাকাণ্ড বৈধতা পেতে পারে না।

তিনি বলেন, সংবিধানের ৩১ ও ৩২ অনুচ্ছেদে নাগরিকের আইনি সুরক্ষা, জীবন ও ব্যক্তিস্বাধীনতার অধিকার নিশ্চিত করা হয়েছে। কোনো অভিযোগের ভিত্তিতেই বিচারপ্রক্রিয়া এড়িয়ে কাউকে হত্যার অধিকার পুলিশের নেই। আইজিপির এমন বক্তব্য মাঠপর্যায়ে বেআইনি বলপ্রয়োগে উৎসাহ জোগাতে পারে বলেও উদ্বেগ প্রকাশ করেন তিনি।

টিআইবির মতে, পুলিশের বলপ্রয়োগ হতে হবে আইনসম্মত, প্রয়োজনীয় ও আনুপাতিক। আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী, জীবন রক্ষায় একান্ত প্রয়োজন হলেই কেবল প্রাণঘাতী অস্ত্রের ব্যবহার গ্রহণযোগ্য; একে বিচারবহির্ভূত হত্যার অনুমতি হিসেবে দেখার সুযোগ নেই।

বিবৃতিতে সাংবাদিকদের বিরুদ্ধে অর্থ না পেয়ে পুলিশের সমালোচনা করার অভিযোগেরও সমালোচনা করেছে টিআইবি। সংস্থাটি বলেছে, কোনো সাংবাদিকের বিরুদ্ধে সুনির্দিষ্ট অপরাধের অভিযোগ থাকলে প্রমাণের ভিত্তিতে আইনগত ব্যবস্থা নেওয়া উচিত। ঢালাও অভিযোগ স্বাধীন সাংবাদিকতা ও গণমাধ্যমের জবাবদিহিমূলক ভূমিকা বাধাগ্রস্ত করতে পারে।